# বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ

প্রধান কার্যালয়ঃ দুগ্ধ ভবন
১৩৯-১৪০ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা- ১২০৮
www.milkvita.org.bd

স্মারক নং-৪৭.৬৭.০০০০.০০১.১১.০০১.২২-১৩৫২

তারিখ: ২০ ভাদ্র ১৪২৯ / ০৪ সেপ্টেম্বর ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্কভিটা) এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online-এ (http://milkvita.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | সহকারী ব্যবস্থাপক (প্রাণী চিকিৎসক) (গ্রেড-০৯) | ২০টি | ২২,০০০-৫৩,০৬০/- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ডিভিএম/ভেটেরিনারী সায়েন্স বিষয়ে চার বছরের গ্রাজুয়েট বা সমমান ডিগ্রী। শিক্ষা জীবনে এস.এস.সি ও এইচ.এস.সি'র ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/জিপিএ ৩.০০ এবং স্নাতক ও স্নাতকোত্তর এর ক্ষেত্রে ২য় শ্রেণী/জিপিএ ২.৫০ থাকতে হবে। |
| ০২ | সহকারী ব্যবস্থাপক (উৎপাদন/সমিতি/ সিডিটি/পশু প্রজনন) গ্রেড-০৯) | ১৪টি | ২২,০০০-৫৩,০৬০/- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পশু পালন/ ডেইরী সায়েন্স/পশু প্রজনন বিষয়ে চার বছরের গ্রাজুয়েট বা সমমান ডিগ্রী। শিক্ষা জীবনে এস.এস.সি ও এইচ.এস.সি'র ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/জিপিএ ৩.০০ এবং স্নাতক ও স্নাতকোত্তর এর ক্ষেত্রে ২য় শ্রেণী/জিপিএ ২.৫০ থাকতে হবে। |
| ০৩ | সহকারী ব্যবস্থাপক রক্ষণাবেক্ষন (তড়িৎ ও যান্ত্রিক) (গ্রেড-০৯) | ০৯টি | ২২,০০০-৫৩,০৬০/- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে বিএসসি ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল/ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স) বিষয়ে চার বছরের গ্রাজুয়েট বা সমমান ডিগ্রী। শিক্ষা জীবনে এস.এস.সি ও এইচ.এস.সি'র ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/জিপিএ ৩.০০ এবং স্নাতক ও স্নাতকোত্তর এর ক্ষেত্রে ২য় শ্রেণী/জিপিএ ২.৫০ থাকতে হবে। |
| ০৪ | সহকারী ব্যবস্থাপক (সিভিল) (গ্রেড-০৯) | ০১টি | ২২,০০০-৫৩,০৬০/- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল) বিষয়ে চার বছরের গ্রাজুয়েট বা সমমান ডিগ্রী। শিক্ষা জীবনে এস.এস.সি ও এইচ.এস.সি'র ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/জিপিএ ৩.০০ এবং স্নাতক ও স্নাতকোত্তর এর ক্ষেত্রে ২য় শ্রেণী/জিপিএ ২.৫০ থাকতে হবে। |
| ০৫ | সহকারী ব্যবস্থাপক (আর্কিটেকচার) (গ্রেড-০৯) | ০১টি | ২২,০০০-৫৩,০৬০/- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে বিএসসি ইঞ্জিনিয়ারিং (আর্কিটেকচার) বিষয়ে চার বছরের গ্রাজুয়েট বা সমমান ডিগ্রী। শিক্ষা জীবনে এস.এস.সি ও এইচ.এস.সি'র ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/জিপিএ ৩.০০ এবং স্নাতক ও স্নাতকোত্তর এর ক্ষেত্রে ২য় শ্রেণী/জিপিএ ২.৫০ থাকতে হবে। |
| ০৬ | সহকারী ব্যবস্থাপক (পরিবহণ) (গ্রেড-০৯) | ০২টি | ২২,০০০-৫৩,০৬০/- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং (অটোমোবাইল) বিষয়ে চার বছরের গ্রাজুয়েট বা সমমান ডিগ্রী। শিক্ষা জীবনে এস.এস.সি ও এইচ.এস.সি'র ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/জিপিএ ৩.০০ এবং স্নাতক ও স্নাতকোত্তর এর ক্ষেত্রে ২য় শ্রেণী/জিপিএ ২.৫০ থাকতে হবে। |
| ০৭ | সহকারী ব্যবস্থাপক (সিএসই/ এমআইএস) (গ্রেড-০৯) | ০১টি | ২২,০০০-৫৩,০৬০/- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে বিএসসি ইঞ্জিনিয়ারিং (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং) বিষয়ে চার বছরের গ্রাজুয়েট বা সমমান ডিগ্রী। শিক্ষা জীবনে এস.এস.সি ও এইচ.এস.সি'র ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/জিপিএ ৩.০০ এবং স্নাতক ও স্নাতকোত্তর এর ক্ষেত্রে ২য় শ্রেণী/জিপিএ ২.৫০ থাকতে হবে। |
| ০৮ | সহকারী ব্যবস্থাপক (বিপণন) (গ্রেড-০৯) | ০৬টি | ২২,০০০-৫৩,০৬০/- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মার্কেটিং/ব্যবস্থাপনা বিষয়ে চার বছরের গ্রাজুয়েট বা বিবিএ/এমবিএ মেজর ইন মার্কেটিং অথবা কৃষি অর্থনীতি/এগ্রি বিজনেস/সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট ডিগ্রী বা সমমান ডিগ্রী। শিক্ষা জীবনে এস.এস.সি ও এইচ.এস.সি'র ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/জিপিএ ৩.০০ এবং স্নাতক ও স্নাতকোত্তর এর ক্ষেত্রে ২য় শ্রেণী/জিপিএ ২.৫০ থাকতে হবে। |
| ০৯ | সহকারী ব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) (গ্রেড-০৯) | ০২টি | ২২,০০০-৫৩,০৬০/- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং/ ভেটেনারী সায়েন্স/পশু পালন/অর্থনীতি/কৃষি অর্থনীতি/পরিসংখ্যান/প্রজেক্ট ম্যানেজমেন্ট বিষয়ে চার বছরের গ্রাজুয়েট বা সমমান ডিগ্রী। শিক্ষা জীবনে এস.এস.সি ও এইচ.এস.সি'র ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/জিপিএ ৩.০০ এবং স্নাতক ও স্নাতকোত্তর এর ক্ষেত্রে ২য় শ্রেণী/জিপিএ ২.৫০ থাকতে হবে। |
| ১০ | সহকারী ব্যবস্থাপক (মাননিয়ন্ত্রণ) (গ্রেড-০৯) | ০৩টি | ২২,০০০-৫৩,০৬০/- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পশু পালন/ডেইরী সায়েন্স/বায়োকেমিস্ট্রি/কেমিস্ট্রি/মাইক্রোবায়োলজি/ফুড এন্ড নিউট্রিশন ইঞ্জিনিয়ারিং/ফুড টেকনোলজী বিষয়ে চার বছরের গ্রাজুয়েট বা সমমান ডিগ্রী থাকতে হবে। শিক্ষা জীবনে এস.এস.সি ও এইচ.এস.সি'র ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/জিপিএ ৩.০০ এবং স্নাতক ও স্নাতকোত্তর এর ক্ষেত্রে ২য় শ্রেণী/জিপিএ ২.৫০ থাকতে হবে। |
| ১১ | সহকারী ব্যবস্থাপক (নিরীক্ষা) (গ্রেড-০৯) | ০২টি | ২২,০০০-৫৩,০৬০/- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে একাউন্টিং/ফাইন্যান্স/ব্যবস্থাপনা বিষয়ে চার বছরের গ্রাজুয়েট বা এমবিএ (একাউন্টিং/ফাইন্যান্স/ব্যবস্থাপনা) বা সমমান ডিগ্রী সহ সিএ কোর্স সম্পন্ন বা আইসিএমএ ইন্টার। শিক্ষা জীবনে এস.এস.সি ও এইচ.এস.সি'র ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/জিপিএ ৩.০০ এবং স্নাতক ও স্নাতকোত্তর এর ক্ষেত্রে ২য় শ্রেণী/জিপিএ ২.৫০ থাকতে হবে। |
| | সর্বমোট : | ৬১টি | | |

### শর্তাবলী:

০১। আবেদনকারীর বয়স ০৫/০৯/২০২২খ্রি: তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) বছর থেকে ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।

০২। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৩। সরকারি/ আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিতে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৪। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং ক হতে চ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ (এক)টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদসহ)।

খ. প্রার্থী যে সিটি কর্পোরেশন/ ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড-এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরমেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ।

গ. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।

ঘ. জাতীয় পরিচয়পত্র (NID) / জন্ম সনদের সত্যায়িত ফটোকপি।

ঙ. Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicants Copy) ও (Admit Card)।

চ. বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

০৫। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

০৬। সকল পদের জন্য লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

০৭। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তাহলে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

০৮। লিখিত পরীক্ষার তারিখ ও সময় সূচী SMS এর মাধ্যমে জানানো হবে। এছাড়া বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ এর নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে (www.milkvita.org.bd) নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচী বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ এর নোটিশ বোর্ডে ও ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

০৯। লিখিত/ ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে)/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। বিজ্ঞপ্তিটি বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ এর নোটিশ বোর্ডে ও ওয়েবসাইটে (www.milkvita.org.bd) এবং টেলিটকের ওয়েবসাইটে (https://alljobs.teletalk.com.bd) পাওয়া যাবে।

১১। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১২। সরকার কর্তৃক জারীকৃত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৩। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যেকোন আবেদন গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। Online-এ আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ-কে http://milkvita.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে।

আবেদনের সময়সীমা:

১. Online-এ আবেদনপত্র পূরণ পরীক্ষা ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৫/০৯/২০২২ খ্রি: সকাল ১০:০০ ঘটিকা।

২. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৪/১০/২০২২ খ্রি: বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে বর্ণিত ওয়েবসাইটে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস (SMS) এ পরীক্ষার ফি জমা দিতে হবে।

খ) Online আবেদনপত্রে প্রার্থীকে তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০) pixel স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থলে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ) Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন করা প্রার্থী User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি পিডিএফ কপি ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID number দেওয়া থাকবে এবং User ID number ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile Number এর মাধ্যমে ০২ (দুই)টি SMS করে বর্ণিত সকল পদের ক্ষেত্রে আবেদন ফি বাবদ=১০০০/- (এক হাজার) টাকা Teletalk এর সার্ভিস চার্জ সহ (অফেরতযোগ্য) মোট= ১০০০/- (এক হাজার) টাকা। পরীক্ষার ফি অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

SMS এর নিয়মাবলী:

প্রথম SMS: MILKVITA <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: MILKVITA ABCDEF

Reply: Applicant's Name. TK-1000 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type MILKVITA <space>Yes<Space> PIN and send to 16222

দ্বিতীয় SMS: MILKVITA<space>Yes<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: MILKVITA Yes 12345678

Reply: Congratulation Applicant's Name, payment completed successfully for MILKVITA Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

চ) দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি এসএমএস-এ Password পাবেন। SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।

ছ) SMS এর প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময়/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি পরবর্তীতে সকল পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধুমাত্র টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন (প্রযোজ্য ক্ষেত্রে)।

১) User ID জানা থাকলে: MILKVITA<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: MILKVITA HELP USER ABCDEF

২) PIN Number জানা থাকলে: MILKVITA<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: MILKVITA HELP PIN 12345678

ঝ) Online-এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এ ক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ) পত্রিকা ছাড়াও বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ এর ওয়েবসাইট www.milkvita.org.bd নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.milkvita.org.bd ওয়েবসাইট এবং নোটিশ বোর্ডে হতে জানা যাবে।

ট) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা এ ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: MILKVITA, Post Name****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ঠ) ডিক্লারেশন: প্রার্থীকে Online আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৫। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে অনুরোধ করা যাচ্ছে।


মো: রফিকুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক (যুগ্মসচিব)
ও
সদস্য-সচিব, কর্মকর্তা নিয়োগ ও পদোন্নতি কমিটি
ফোন নং-৮৮৭০৪৩২
E-mail: md@milkvita.org.bd